দৈনিক ইত্তেফাক

তারিখ 25 OCT 1992
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

# প্রাথমিক হইতে কলেজ স্তর পর্যন্ত ইংরেজী বাধ্যতামূলক হইবে

............................................ শিক্ষামন্ত্রী

বগুড়া প্রতিনিধি ও সংবাদদাতা ।। শিক্ষা মন্ত্রী ব্যারিষ্টার জমির উদ্দিন সরকার গতকাল শনিবার বগুড়া সরকারী আজিজুল হক কলেজের বিজ্ঞান ভবনের

(শেষ পৃ:৩-এর ক:দ্র:)

## শিক্ষামন্ত্রী

(১ম পৃ: পর)

ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। কলেজ অডিটরিয়ামে অধ্যক্ষ আব্দুস ছাত্তারের সভাপতিত্বে অনুষ্ঠিত এক সভায় শিক্ষা মন্ত্রী কলেজে এম,এ, কোর্স খোলার পূর্ব প্রতিশ্রুতি অবিলম্বে বাস্তবায়নের আশ্বাস দেন। তিনি বলেন, আগামী শিক্ষা, বর্ষ হইতে শিক্ষার প্রাথমিক স্তর হইতে কলেজ স্তর পর্যন্ত ইংরাজীকে বাধ্যতামূলক পাঠ্য হিসাবে চালু করা হইবে।

সভায় অর্থ প্রতিমন্ত্রী মজিবর রহমান সংসদ সদস্য আজিজুল হক ও হেনালুজ্জামান তালুকদার লাল বক্তব্য রাখেন।

সভার আগে কলেজের অদূরে অধ্যক্ষের বাসার নিকটে একটি পটকা বিস্ফোরিত হয় এবং কতিপয় ছাত্র সংগঠনের কর্মীরা কয়েকটি বিরূপ ধ্বনি দেয়।